কালের কণ্ঠ

তারিখ 01 APR 2015
পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্রলীগের হামলায় সংগীতানুষ্ঠান পণ্ড

মানিকগঞ্জ প্রতিনিধি ▷

ছাত্রলীগকর্মীদের হামলায় সোমবার রাতে মানিকগঞ্জে বেউথা মুকুল ফৌজ আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান পণ্ড হয়ে গেছে। এ সময় চেয়ার টেবিল ভাঙচুরসহ গান গাইতে থাকা বারী সিদ্দিকীর হাত থেকে মাইক্রোফোন কেড়ে নিয়ে মঞ্চ থেকে তাঁকে নামিয়ে দেওয়া হয়। ওই মাইক্রোফোনেই ঘোষণা দিয়ে অনুষ্ঠান বন্ধ করে দেয় ছাত্রলীগকর্মীরা। অনুষ্ঠানস্থলে একজন ছাত্রলীগকর্মীকে মারধরের জের ধরে এ হামলার ঘটনা ঘটেছে।

জানা গেছে, বেউথা মুকুল ফৌজের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির অভিষেক উপলক্ষে দুই দিনব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা হয়। সোমবার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মানিকগঞ্জ জেলা প্রশাসক রাশিদা ফেরদৌস। সভাপতিত্ব করেন পৌর মেয়র আওয়ামী লীগ নেতা রমজান আলী। রাত সাড়ে ৮টার দিকে উদ্বোধন অনুষ্ঠান শেষে অতিথিরা চলে যান। শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। রাত পৌনে ১১টার দিকে বারী সিদ্দিকীর একক সংগীতানুষ্ঠান চলাকালে ছাত্রলীগকর্মীরা এ হামলা চালায়।

**মানিকগঞ্জ**

এ ব্যাপারে পৌর ছাত্রলীগের সভাপতি তাপস সাহা জানান, ছাত্রলীগের এক কর্মীকে অনুষ্ঠানস্থলে মারধর করা হয়। এরই জের ধরে জেলা ছাত্রলীগের সভাপতি সাদেকুল ইসলাম সোহা এবং সাধারণ সম্পাদকের নির্দেশে তারা ঘটনাস্থলে যায়। অনুষ্ঠানের উদ্যোক্তাদের কাছে ওই ঘটনার প্রতিবাদ করা হয়। এ সময় বিক্ষুব্ধ কর্মীরা কয়েটি চেয়ার ভাঙচুর করে। তবে অনুষ্ঠান বন্ধ করে দেওয়ার বিষয়টি তিনি অস্বীকার করেন।

অনুষ্ঠানের সভাপতি ও পৌর মেয়র মো. রমজান আলী ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, তাঁর উপস্থিতিতেই হামলার ঘটনা ঘটেছে। জড়িতদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

সদর সার্কেলের সহকারী পুলিশ সুপার (এএসপি) এ এম কামরুল ইসলাম বলেন, এ ব্যাপারে অভিযোগ পেলে অপরাধীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে।